# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৬৭৪

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - কুরবানীর দিনের ভাষণ, আইয়্যামে তাশরীক্বে পাথর মারা ও বিদায়ী তাওয়াফ করা

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا رَمَى أَحَدُكُمْ جَمْرَةَ الْعَقَبَةِ فَقَدْ حَلَّ لَهُ كُلُّ شَيْءٍ إِلَّا النِّسَاءَ» . رَوَاهُ فِي شرح السّنة وَقَالَ: إِسْنَاده ضَعِيف

বাংলা

২৬৭৪-[১৬] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ জামারাতুল ’আক্বাবায় (১০ তারিখে) পাথর মারার পর স্ত্রী সহবাস ছাড়া অন্য সকল কাজ তার জন্যে হালাল হয়ে যাবে। [শারহুস্ সুন্নাহ; ইমাম বাগাবী বলেছেন, এর সানাদ দুর্বল।[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ১৯৭৮, দারাকুত্বনী ২৬৮৬, সহীহ আল জামি‘ ৫৭৮, সহীহাহ্ ২৩৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘আল্লামা মুল্লা ‘আলী কারী (রহঃ) হানাফী মাযহাবের উপর ভিত্তি করে বলেছেন মাথা হলক অথবা চুল খাটো করার পর।

(فَقَدْ حَلَّ لَه كُلُّ شَيْءٍ إِلَّا النِّسَاءَ) অর্থাৎ- জামারায়ে ‘আক্বাবাতে কংকর নিক্ষেপ করতঃ মাথা হলক অথবা চুল খাটো করার পর স্ত্রী সহবাস, জড়িয়ে ধরা, চুম্বন করা, যৌন কামনার সাথে স্পর্শ করা, বিবাহের ‘আকদ ইত্যাদি ব্যতীত অন্য সবকিছু বৈধ তবে তাওয়াফে ইফাযার পর স্ত্রীর সাথে এ কাজগুলোও বৈধ হবে।

এ হাদীস থেকে আমরা বুঝতে পারলাম, স্ত্রী সঙ্গম ও এ জাতীয় কর্মগুলো ব্যতীত অন্যান্য হজ্জের নিষিদ্ধ কাজগুলো মাথা মুন্ডানোর আগে, কংকর নিক্ষেপও বৈধ হয় কিন্তু অপর এক হাদীস যা ইমাম আহমাদসহ অন্যান্যরা বর্ণনা করেছেন সেখানে বলা হয়েছে,

(اذا رميتم وحلقتم فقد حل لكم كل شيئ الا النساء) অর্থাৎ- যখন তোমরা কংকর নিক্ষেপ ও মাথা হলক করবে

তখন তোমাদের জন্য স্ত্রী ব্যতীত অন্যান্য সব কাজ যেগুলো হজ্জের ক্ষেত্রে নিষিদ্ধ ছিল তা বৈধ হয়ে যাবে।

তাহলে এ হাদীস থেকে বুঝা গেল, কংকর নিক্ষেপ ও মাথা হলক দু’টিই হতে হবে। এ বিপরীত অর্থবোধক দু’টি হাদীসের সমাধান হলো, পরবর্তী হাদীস বা দ্বিতীয়টি য‘ঈফ। কারণ তার সনদে হাজ্জাজ বিন আরত্বাতা রয়েছে যিনি য‘ঈফ ও মুদাল্লিস।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57234

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন